

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ৬. হযরত ইবরাহীম (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ

(১) ইবরাহীমী জীবন থেকে প্রধান শিক্ষণীয় বিষয় হ'ল সর্বাবস্থায় আল্লাহর নিকটে আত্মসমর্পণ। যাকে বলা হয় 'ইসলাম'। যেমন আল্লাহ বলেন,

إِذْ قَالَ لَهُ رَبُّهُ أَسْلِمْ قَالَ أَسْلَمْتُ لِرَبِّ الْعَالَمِيْنَ، وَوَصَّى بِهَا إِبْرَاهِيْمُ بَنِيْهِ وَيَعْقُوْبُ (البقرة -(٥٥٥-١٥٥٤) 'সারণ কর যখন তাকে তার পালনকর্তা বললেন, তুমি আত্মসমর্পণ কর। তখন সে বলল, আমি আত্মসমর্পণ করলাম বিশ্ব চরাচরের প্রতিপালকের নিকট'। 'এবং একই বিষয়ে সন্তানদেরকে অছিয়ত করে যান ইবরাহীম ও ইয়াকূব' (বাক্লারাহ ২/১৩১-৩২)। অন্যত্র আল্লাহ বলেন, مَا كَانَ إِبْرَاهِيْمُ يَهُوْدِيًّا وَلاَ نَصْرَانِيًّا وَلَكِنْ كَانَ حَنِيْفًا وَلَكِنْ كَانَ حَنِيْفًا وَلَكِنْ كَانَ عَمِران وَالْ عمران وَالْمَالِمُ وَالْمُوالِمُ وَالْمَالِمُ وَالْمُوالِمُ وَالْمُوالِمُ وَالْمُولِمُ وَالْمَالِمُ وَالْمُولِمُ وَالْمُ وَالْمُ وَالْمُؤْلِمُ وَلِمُ وَالْمُلْمُ وَلَا وَالْمُولِمُ وَالْمُ وَالْمَالِمُ وَالْمُؤْلِمُ وَالْمُ وَالْمُؤْلِمُ وَالْمُؤْلِمُ وَالْمُولِمُ وَالْمُولِمُ وَالْمُؤْلِمُ وَالْمُؤْلِمُ وَالْمُؤْلِمُ وَالْمُ وَالْمُ وَالْمُؤْلِمُ وَلَالْمُؤْلِمُ وَالْمُؤْلِمُ وَلَيْلُ وَالْمُؤْلِمُ وَلَمُ وَالْمُؤْلِمُ وَالْمُولِمُ وَالْمُؤْلِمُ وَالْمُولُولُولُ وَالْمُؤْلِمُ وَلِمُ وَالْمُؤْلِمُ وَالْمُؤْلِمُ وَالْم

অতএব ইহুদী, নাছারা ইত্যাদি দলীয় রং দিয়ে তাঁকে নিজেদের স্বার্থে ব্যবহার করা বাতুলতা মাত্র। বরং তিনি ছিলেন নিখাদ আল্লাহ প্রেমিক। আর সেকারণ সকল আল্লাহভীরু মানুষের তিনি নেতা ছিলেন।

- (২) আল্লাহর কাছে বড় হ'তে গেলে তাকে আল্লাহর পক্ষ থেকেই বড় বড় পরীক্ষায় ফেলা হয়। আর তাতে উত্তীর্ণ হওয়ার মধ্যেই থাকে ইহকালীন ও পরকালীন সফলতা।
- (৩) পরীক্ষা এলে সাহসিকতার সাথে মুকাবিলা করতে হয়। শয়তানী প্ররোচনায় পিছিয়ে গেলেই ব্যর্থ হ'তে হয়। যেমন পুত্র যবহের পূর্বে শয়তানী ধোঁকার বিরুদ্ধে ইবরাহীম (আঃ) কংকর নিক্ষেপ করেছিলেন ও পরে সফলকাম হয়েছিলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4295

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন